



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি-ফাজিল/২০২৩/১৪৬২০

তারিখ: ১৮ই ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

অষ্টগ্রাম হোসেনিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: অষ্টগ্রাম, উপজেলা: অষ্টগ্রাম, জেলা: কিশোরগঞ্জ (মাদ্রাসা কোড: ১২৩৫৬, EIIN: 110235) এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস শ্রেণি অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ০৪.০২.২০২৫ খ্রি. তারিখ অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১২তম সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ০৬.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার সুপারিশ এবং ১০.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৫তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদ্রাসার ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরে অধিভুক্ত না করে নিম্নোক্ত শর্তে ০২ (দুই) বছরের জন্য প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

শর্তসমূহ:

১. এ আদেশ অধিভুক্তি সভার তারিখ অর্থাৎ ০৪.০২.২০২৫ খ্রি. থেকে কার্যকর হবে;
২. সংবিধি মোতাবেক কামিল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা ও কাম্য ফলাফল অর্জন করতে হবে;
৩. সংবিধি মোতাবেক অখন্ড জমির পরিমাণ বৃদ্ধি করতে হবে;
৪. ফাজিল স্তরে এমপিও ভুক্ত না হওয়া পর্যন্ত প্রাতিষ্ঠানিক বেতনে শিক্ষক নিয়োগ করে ক্লাস পরিচালনা করতে হবে;
৫. শ্রেণিকক্ষে মূল কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
৬. সরকারি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
৭. মাদ্রাসার অবকাঠামো উন্নয়নের ব্যবস্থা করতে হবে;
৮. সরকারি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
৯. নিয়মিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে;
১০. অফিস সহকারীসহ পর্যায়ক্রমে শিক্ষক ও কর্মকর্তাকে প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রমে উৎসাহ প্রদানে প্রতিষ্ঠানকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;
১১. মাদ্রাসার একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম বিধি মোতাবেক অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
১২. শিক্ষার মানোন্নয়ন, কাংখিত শিক্ষার্থী ভর্তি, আর্থিক সক্ষমতা অর্জন ও সর্বক্ষেত্রে অধিকতর জবাবদিহিতার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও শিক্ষানুরাগী ব্যক্তিদের নিয়ে মাদ্রাসা পরিচালনা পরিষদ বছরে অন্তত ০২ (দুই)টি সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে;
১৩. মাদ্রাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদ্রাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
১৪. প্রাথমিক পাঠদানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৬/০৩/২০২৫

(মোঃ আইউব হোসেন)

রেজিস্ট্রার

ও

মাদ্রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭০৫ ৪০৮০০১

iauregistr@gmail.com

অধ্যক্ষ

অষ্টগ্রাম হোসেনিয়া ফাজিল মাদ্রাসা

ডাকঘর: অষ্টগ্রাম, উপজেলা: অষ্টগ্রাম, জেলা: কিশোরগঞ্জ।

স্মারক নং:- ইআবি/পরি/অধিভুক্তি-ফাজিল/২০২২/১৪৬২০(৬)

তারিখ: ১৮ই ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৪. আইসিটি শাখা, (ওয়েব সাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. সভাপতি, অষ্টগ্রাম হোসেনিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: অষ্টগ্রাম, উপজেলা: অষ্টগ্রাম, জেলা: কিশোরগঞ্জ।
৬. অফিস নথি।

০৬/০৩/২৫

(মোঃ জাহান উদ্দিন)

সহকারী রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭২৪ ৮০৮৫২৪